# ঘরে বসে ডিপিএড অনুশীলন

জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি, ময়মনসিংহ

# পেশাগত শিক্ষা-১ম খন্ড,
# অধ্যায়: ১
# পাঠ-৩: শিক্ষার উপাদান

মোঃ জুলফিকার মতিন
ইন্সট্রাক্টর (কম্পিউটার সাইন্স)
রাজশাহী পিটিআই, রাজশাহী

# শিখনফল

এই অধিবেশন শেষে আপনারা -

- শিক্ষার উপাদান কী তা বলতে পারবেন।
- শিক্ষার উপাদানগুলো বর্ণনা করতে পারবেন।

# ১.৩ শিক্ষার উপাদান

শিক্ষা একটি অতি প্রয়োজনীয় সামাজিক প্রক্রিয়া। এই প্রক্রিয়া জীবনব্যাপী। এর একটি সুসংহত সত্তা আছে যা সামগ্রিকভাবে কাজ করে। কতকগুলো উপাদানের মধ্যে এ প্রক্রিয়া সাধিত হয়।

আসুন ভিডিওটি থামিয়ে রেখে ১মিনিট চিন্তা করি

শিক্ষার উপাদান কী কী হতে পারে?

# শিক্ষার উপাদান

মোঃ জুলফিকার মতিন

আসুন এগুলো সম্পর্কে জেনে নেই

# শিক্ষার্থী

- শিক্ষার্থীর ব্যক্তিত্বের সুষম বিকাশের জন্য এবং সামাজিক অগ্রগতি অব্যাহত রাখবার জন্যই শিক্ষা।
- শিক্ষা শিক্ষার্থীর পুরাতন আচরণ ত্যাগ করে অভিজ্ঞতার মাধ্যমে নূতন আচরণ আয়ত্ব করতে পারে।

# শিক্ষক

- শিক্ষার্থী যে পরিবেশ হতে শিক্ষা লাভ করে, শিক্ষক সেই পরিবেশের সাথে অবিচ্ছেদ্যভাবে যুক্ত।
- শিক্ষক একাধারে শিক্ষার্থীর সহায়ক বন্ধু, পরামর্শদাতা, অভিভাবক, হিতৈষী ও পথপ্রদর্শক। শিক্ষার্থীর জীবনদর্শন গঠনে তিনিই হলেন প্রধান সহায়ক।

# শিক্ষাক্রম

- শিক্ষাক্রম হল শিক্ষার লক্ষ্যে পৌঁছাবার জন্য সুনির্দিষ্ট, সুপরিকল্পিত ও পূর্ণাঙ্গ পথনির্দেশ।
- শিক্ষাক্রমে শিক্ষার উদ্দেশ্য, পাঠ্য বিষয়ের বিবরণ এবং শিক্ষার্থীর বাঞ্ছনীয় আচরণ সাধারণত এই তিনটি বিষয়ের উল্লেখ থাকে।

# বিদ্যালয়

- বিদ্যালয়ই শিক্ষার্থীদের মনস্তাত্ত্বিক, আবেগিক, সামাজিক ও মানবিক বিকাশের শ্রেষ্ঠ স্থান।
- বিদ্যালয়ের সাথে শিক্ষার প্রত্যক্ষ যোগাযোগ।

# পরিবার

- শিশুর শিক্ষার অর্থনৈতিক ও সামাজিক, মনস্তাত্ত্বিক বিকাশে পরিবারের ভূমিকা গুরুত্বপূর্ণ।
- শিক্ষার প্রতি শিশুকে উদ্বুদ্ধকরণ, শিশুর শিক্ষার পরিকল্পনা প্রণয়ন ও তা বাস্তবায়ন পরিবারের মধ্যেই হয়।

# পরিবেশ

পরিবেশের আবার দু’টি উপাদান-

- ☐ ভৌগোলিক পরিবেশ
- ☐ সামাজিক পরিবেশ

## ☐ ভৌগোলিক পরিবেশ

- ভৌগোলিক পরিবেশের আওতায় আসে গাছপালা, জীবজন্তু, নদী-মাঠ, প্রান্তর ইত্যাদি প্রাকৃতিক পরিবেশের উপাদানসমূহ।

## ☐ সামাজিক পরিবেশ

- শিশু যে সমাজে বাস করে সেই সমাজের ভৌত কাঠামো ও সুবিধাদি এবং লোকাচার, আদর্শ, নিয়মকানুন, সংস্কৃতি ইত্যাদিকে নিয়ে তার সামাজিক পরিবেশ।

# ধন্যবাদ

অধিবেশনের তথ্যপত্র, পিডিএফ, পাওয়ার পয়েন্ট ও ভিডিও পেতে নিচের লিংকে ক্লিক করুন।

https://drive.google.com/drive/folders/1-UIRAoRu6QxRprh3dpXRwweaCh71zHM5?usp=sharing

আপনার মূল্যবান মতামত প্রদান করতে এবং নিজেকে যাচাই করতে নিচের লিংকে ক্লিক করুন।

https://forms.gle/DEzDonPg9NVUKRSX6